গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.mofl.gov.bd

নং: ৩৩.০০.০০০০.১০৮.১৬.০১৮.১৭-১৮

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৩ / ১৪ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়ঃ **২০১৭ সনের বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবনী প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ, ই-গভার্নেন্স শাখার ০৩ জানুয়ারি, ২০১৭ সালের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। প্রতিবেদনের একটি কপি সংযুক্ত করা হলো। উল্লেখ্য যে, প্রতিবেদনটি পুস্তক আকারে প্রকাশের জন্য শেষ পর্যায়ে রয়েছে।

২। মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ প্রস্তুত করা হয়েছে। সূত্রোস্থ পত্রের চাহিদা মতে সেগুলি নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ক) ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২১(একুশ) পাতা।
খ) ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবন অগ্রগতি প্রতিবেদন ৩৬(ছত্রিশ) পাতা।

১৪.০২.১৭
(নাসিরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০৮০

সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃঃআঃ মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৭

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমালগণ কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১ | নিজ অফিসের সেবা সহজীকরণ | মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের লজিস্টিক সেবা প্রদান সহজীকরণ | ১, ফেব্রু, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | সহজে সেবা প্রদান | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত ২টি সেবার উল্লেখসহ ইনোভেশন টিমের কার্যবিবরণী ও সচিবের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ২ | | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত সেবা দু'টি অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধনীর সুপারিশ | ১ মার্চ, ২০১৭ | ৩১ মার্চ, ২০১৭ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ প্রণয়ন | ইনোভেমন টিমের কাযবিবরণী ও সচিবের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ৩ | | নতুন পদ্ধতিতে পরীক্ষামূলকভাবে সীমিত পরিসরে সেবা প্রদান শুরু করা | ৩ এপ্রিল, ২০১৭ | ২৮ এপ্রিল, ২০১৭ | উপসচিব প্রশাসন-২ | পরীক্ষামূলক সেবা প্রদান শুরু | পরীক্ষামূলক সেবা প্রদান শুরুর সঙ্গে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৪ | | পাইলট ভিত্তিতে অর্জিত অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংশোধন পরিমার্জনসহ নতুন পদ্ধতিতে সেবা প্রদান চূড়ান্ত বাস্তবায়ন সম্পন্ন করা | ২ মে, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | উপসচিব প্রশাসন-২ | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৫ | | মন্ত্রণালয়ের সকল শাখায় কমপক্ষে ১টি করে ফাইল ই-ফাইলিং | ১, জানুয়ারি, ২০১৭ | ৩০, মার্চ ২০১৭ | হাফসা বেগম, উপসচিব (মৎস্য-১) ও | ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | এর মাধ্যমে নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ | *০৮ডিসেম্বর২০১৬ তারিখে ই-ফাইলিং কার্যক্রম শুরু | | জনাব মোহাম্মদ-আল-মারুফ, সহকারী প্রধান, মনিটরিং-১ | ভূমিকা | অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল |
| ৬ | | অর্জিত অভিজ্ঞতার আলোকে অগ্রাধিকার ভিত্তিতে সকল শাখার ৩টি করে ফাইল ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি শুরু করা। | ১৫ জুন, ২০১৭ | ৩১, ডিসেম্বর, ২০১৭ | বেগম হাফসা বেগম, উপসচিব (মৎস্য-১) ও জনাব মোহাম্মদ-আল-মারুফ, সহকারী প্রধান, মনিটরিং-১ | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ৭ | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর সমূহের সেবাসমূহ অধিকতর কাযকর করার লক্ষ্যে সকল ইনোভেশন উদ্যোগ ও কার্যক্রম পর্যালোচনা পূর্বক পাইলটিং ও রেপ্লিকেশন কাযক্রম শুরু করা | ৩১ মার্চ, ২০১৭ | ডিসেম্বর, ২০১৭ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | নতুন নতুন ইনোভেশন আইডিয়া প্রাপ্তি | স্থাপিত আইডিয়া বক্স এর ছবি |
| ৮ | | প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স ও অন্যান্য উৎস্য হতে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করা | প্রাতি মাসের ১৫ তারিখ | প্রতি মাসের ২৫ তারিখ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | যাচাই-বাছাইকৃত আইডিয়া | ইনোভেমন টিমের সভার কার্যবিবরনী |
| ৯ | | প্রতিমাসের বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করা | পরবর্তী মাসের ১০ তারিখ | পরবর্তী মাসের ১৫ তারিখ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | অনুমোদিত ও বাস্তবায়নের নিমিত্ত গৃহিত কার্যক্রম | বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ সংক্রান্ত দলিল |
| .১০ | | মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর ও অধিদপ্তরের ইনোভেশন টিমসমূহ সক্রিয় করা এবং প্রতিমাসের ইনোভেমন টিমসমূহের সভা নিশ্চিত করা। | ১ ফেব্রু, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | বেগম নাসরিন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, (মৎস্য-৪) | দপ্তর ও অধিদপ্তরের ইনোভেশন টিমসমূহের অনুষ্ঠিত সভা | মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর ও অধিদপ্তরের ইনোভেশন টিমসমূহের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী |
| ১১ | অধঃস্তন অফিসের ইনোভেশন | মন্ত্রণালয়ের অধীন | ১ মার্চ, | ৩১ | বেগম নাসরিন | মন্ত্রণালয়ের | মন্ত্রণালয়ের |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | কার্যক্রম তদারকি | সকল দপ্তর ও অধিদপ্তর হতে ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা, কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। | ২০১৭ | ডিসেম্বর, ২০১৭ | সুলতানা, সিনিয়র সহকারী সচিব, (মৎস্য-৪) | আওতাধীন সংস্থার বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দেয় প্রয়োজনীয় পরামর্শ | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী |
| ১২ | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী | মন্ত্রণালয়ের ২০ জন কর্মকর্তা ও কর্মচারীর জন্য ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা | ১ মার্চ, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) | ইনোভেশন বিষয়ে প্রশিক্ষিত কর্মকর্তা ও কর্মচারী | ইনোভেশন সংক্রাপন্ত প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা |
| ১৩ | | মন্ত্রণালয়ের ৩০ জন কর্মকর্তা ও কর্মচারীর জন্য সচিবালয় নির্দেশিকা, সরকারী বিধি বিধান ও আইসিটি বিষয়ে ৬০ ঘণ্টার প্রশিক্ষণের আয়োজন করা | ১ ফেব্রু, ২০১৭ | ১৫ এপ্রিল, ২০১৭ | উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) | সচিবালয় নির্দেশিকা, সরকারি বিধি বিধান ও আইসিটি বিষয়ে প্রশিক্ষিত কর্মকর্তা ও কর্মচারী | সচিবালয় নির্দেশিকা, সরকারি বিধিবিধান ও আইসিটি বিসয়ে প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা |
| ১৪ | ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর ও দপ্তরসমূহের কর্মকর্তাগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য রাজস্ব বাজেটে নির্ধারিত কোডে অর্থ বরাদ্দ। | ১ এপ্রিল, ২০১৭ | ১৫ অক্টোবর, ২০১৭ | বেগম হাফসা বেগম, উপসচিব (মৎস্য-১) | সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন সম্পন্ন | সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন সংক্রান্ত দলিল |
| ১৫ | পুরস্কার প্রদান | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর ও দপ্তরসমূহে কর্মরত ইনোভেশন আইডিয়া প্রদানকারী সেবা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের সুপারিশ করা | ১৫ অক্টোবর, ২০১৭ | ২৫ ডিসেম্বর, ২০১৭ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেশন অফিসার | পুরস্কার প্রদান সম্মন্ন | পুরস্কার প্রদান করার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ বা দলিল |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলং, ইনোভেশন ইত্রাদি বিসয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে যোগাযোগ | ১৫ ফেব্রুয়ারী, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | জনাব মোঃ তৌফিকুল আরিফ, চীফ ইনোভেমন অফিসার | প্রতিষ্ঠান বা অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিত | প্রতিষ্ঠান বা অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ সংক্রান্ত ডকুমেন্ট |
| ১৭ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | সেবায় উদ্ভাবন প্রক্রিয়া এবং মাট পর্যায়ে চলমান প্রকল্পসহ সার্বিক কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যম যেমন ফেইসবুক, ফেইসবুক গ্রুপ, ভিডিও কনফারেন্সিং ইত্যাদির ব্যবহার নিশ্চিত করা | ১ ফেব্রু, ২০১৭ | ৩১ মার্চ, ২০১৭ | বেগম নাসরিন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, (মৎস্য-৪) ও আইসিটি | ডমেইনসহ ই-মেইল ব্যবহার এবং মন্ত্রণালয়ের জন্য ফেইসবুক গ্রুপ কোলা ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্স আয়োজন | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ই-মেইল ও ফেইসবুক গ্রুপের লিংক স্থাপন এবং নিয়মিত ভিডিও কনফারেন্সিং সংক্রান্ত দলিলাদি |
| ১৮ | প্রকাশনা ও ডকুমেন্টেশন | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর ও দপ্তরসমূহ হতে প্রাপ্ত আইডিয়াসমূহ সংরক্ষণ করা এবং প্রতি ৩ মাস অন্তর অন্তর ইনোভেশন সংক্রান্ত বিষয়াবলী সংশ্লিষ্টদের নিকট ই-মেইলে প্রেরণ করা, সংরক্ষণ করা ও ওয়েব সাইটে প্রকাশ করা। | ১ মার্চ, ২০১৭ | ৩১ ডিসেম্বর, ২০১৭ | বেগম নাসরিন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, (মৎস্য-৪) ও আইসিটি | ডকুমেন্ট প্রকাশিত হওয়া | প্রকাশিত ডকুমেন্ট |
| ১৯ | | উদ্ভাবন বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রকাশ | ০১ ডিসেম্বর, ২০১৭ | ২০ ডিসেম্বর, ২০১৭ | বেগম নাসরিন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, (মৎস্য-৪) ও আইসিটি | বার্ষিক প্রতিবেদন প্রকাশ | প্রকাশিত প্রতিবেদন |

# বার্ষিক উদ্ভাবন প্রতিবেদন, ২০১৬

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

www.mofl.gov.bd

জানুয়ারি, ২০১৭

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবন প্রতিবেদন-২০১৬

নদীমাতৃক ও কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টর গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। বাংলাদেশের জাতীয় আয়ে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের যৌথ অবদান প্রায় আট শতাংশ। খাদ্যের প্রাণিজ আমিষের প্রায় নব্বই শতাংশ মৎস্য ও প্রাণিসম্পদ উপখাত যোগান দিয়ে খাদ্য নিরাপত্তায় অনন্য অবদান রাখছে। মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে এবং অত্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের সময়োপযোগী নির্দেশনায় গৃহীত যথাযথ পদক্ষেপের কারণে এ খাত ইতোমধ্যে একটি দ্রুত বিকাশমান খাত হিসেবে আত্মপ্রকাশ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং সেবাসমূহ জনগণের নিকট সহজলভ্য করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বিভিন্ন উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়ন করছে। মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন সংক্রান্ত নীতিমালার আলোকে মন্ত্রণালয়ের ২০১৬ সনের বার্ষিক ইনোভেশন কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়। মন্ত্রণালয়ের কর্ম পরিকল্পনায় মোট ১০টি কার্যক্রম আছে। এর মধ্যে ০৮টির কার্যক্রম শুরু হয়েছে। ০৩টির কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। সংক্ষেপে এ মন্ত্রণালয়ের উক্ত পরিকল্পনার অগ্রগতি তুলে ধরা হলো।

## ১. নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবার ইনোভেশন


মন্ত্রণালয়ের সেবাসমূহ সহজে প্রাপ্তির এবং বিভিন্ন বিষয়ে তথ্য জানার জন্য মন্ত্রণালয়ে একটি তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে। এছাড়া মন্ত্রণালয়ে আগত দর্শনার্থীগণের বসার সুবিধার্থে একটি অপেক্ষাগার স্থাপন করা হয়েছে। সময় ও চাহিদার সাথে সমন্বয় করে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের দায়িত্ব পুর্ণবিন্যাস করা হয়েছে।

## ২. ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম

গত ০৮/১২/২০১৬ তারিখে মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মাকসুদুল হাসান খান আনুষ্ঠানিকভাবে ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করেন। মন্ত্রণালয়ের ২৫ টি শাখায় ০১ (এক) টি করে ফাইল ই-ফাইলিং এর আওতায় এনে ই-ফাইলিং কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। পর্যায়ক্রমে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন করা হবে।



মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয় মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের শুভ উদ্বোধন করছেন



মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ই-ফাইলিং কার্যক্রমের প্রশিক্ষণ গ্রহণ করছেন

৩. **আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেল-আপ**

ইনোভেশন আইডিয়া সমূহ যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে এবং অধিদপ্তরে মেন্টর নিয়োগ করা হয়েছে। মেন্টরগন উদ্ভাবনী প্রকল্পগুলি সঠিকভাবে কাজ করছে কিনা বা কোন অসুবিধা আছে কিনা তা পর্যালোচনা করে সহায়তা করছে। মন্ত্রণালয়ে ০১ (এক) টি আইডিয়া বক্স স্থাপন করা হয়েছে। নিয়মিত মাসিক ইনোভেশন কমিটির সভায় ইনোভেশন বক্স থেকে প্রাপ্ত আইডিয়া আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে।

৪. **অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম তদারকি**

মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর সমূহের ইনোভেশন কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা তা মন্ত্রণালয় থেকে নিয়মিত পর্যাবেক্ষণ করা হয়ে থাকে। মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরে উদ্ভাবন উদ্যোগ নিয়ে ০২টি শো কেইস করা হয়েছে। ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নে বিভিন্ন ধরনের সহযোগিতা করা হচ্ছে।



মন্ত্রণালয়ে ইনোভেশন কমিটির সভা

৫. **প্রশিক্ষণ**

মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার ইনোভেশন কর্মকর্তাগণকে ০২ (দুই) দিনব্যাপী ইনোভেশন প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাছাড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগনকে ই-ফাইলিং এর প্রশিক্ষণ দেয়া হয়েছে। a2i কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মশালা, ওয়ার্কশপ ও প্রশিক্ষণে কর্মকর্তার মনোনয়ন ও অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।

৬. **ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান**

ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে পৃথক কোড (''৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয়'') খোলা হয়েছে এবং টাকা বরাদ্দের জন্য পত্র দেয়া হয়েছে। তাছাড়া অধীনস্থ দপ্তর সমূহকে নিজ নিজ রাজস্ব বাজেট হতে বিধিসম্মতভাবে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে আর্থিক সহায়তা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৭. **পুরস্কার প্রদান**

মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর সমূহের ০৩ (তিন) জনকে পুরস্কার প্রদান করা হয়েছে। ০২ (দুই) জনকে প্রণোদনা হিসেবে বিদেশে প্রশিক্ষনে প্রেরণ করা হয়েছে। অধিদপ্তর হতেও ইনোভেটরগণকে নানারুপ প্রণোদনা দানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৮. **পার্টারশিপ ও নেটওয়ার্কিং**

সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। তাছাড়া উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে বিভিন্ন সময়ে a2i এর কর্মকর্তাগণের পরামর্শ ও সহায়তা নেয়া হচ্ছে।

৯. **সোস্যাল মিডিয়ার ব্যবহার**

সেবায় উদ্ভাবন প্রক্রিয়া এবং মাঠ পর্যায়ে চলমান প্রকল্পসহ সার্বিক কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে ই-মেইল ব্যবহারের পাশাপাশি অধিনস্থ দপ্তরসমূহের ফেইজবুক লিংক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mofl.gov.bd) সংযুক্ত করা হয়েছে।